বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিসিক-এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব জীবন কুমার চৌধুরী, পরিচালক (অর্থ এবং পরিঃ ও উন্নঃ), বিসিক, ঢাকা।

সভার স্থান ঃ পরিচালক (অর্থ এবং পরিঃ ও উন্নঃ), বিসিক, ঢাকা-এর অফিস কক্ষ।

সভার তারিখ ঃ ০১-০৯-২০১৬ খ্রিঃ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ

১.	মোঃ মোস্তফা কামাল, পরিচালক (বিপণন), বিসিক, ঢাকা	- সদস্য	স্বাক্ষরিত
২.	জনাব আবদুল কাদির সরকার, মহাব্যবস্থাপক, বিপণন বিভাগ, বিসিক, ঢাকা	- সদস্য	-ঐ-
৩.	জনাব মোঃ ফজলে কিবরিয়া, উপ-মহাব্যবস্থাপক(ভাঃ), কর্মীব্যবস্থাপনা শাখা, বিসিক, ঢাকা	- সদস্য	-ঐ-
৪.	জনাব গোলাম ছারওয়ার বসুনিয়া, প্রধান নিরীক্ষা কর্মকর্তা (ভাঃ), বিসিক, ঢাকা	- সদস্য	-ঐ-
৫.	জনাব মোঃ সাইফুল ইসলাম, এজিএম (মহাব্যবস্থাপক, উন্নয়ন-এর পক্ষে), বিসিক, ঢাকা।	- সদস্য	-ঐ-
৬.	জনাব মোঃ শরীফুল ইসলাম ভূঞা, উপ-সচিব, বোর্ড শাখা, বিসিক, ঢাকা	- সদস্য-সচিব	-ঐ-

সভায় উপস্থিত অন্যান্য আমন্ত্রিত কর্মকর্তাবৃন্দ ঃ

১.	জনাব মোঃ শফিউর রহমান, মহাব্যবস্থাপক, এমআইএস বিভাগ, বিসিক, ঢাকা।	-ঐ-
২.	জনাব সত্যেন্দ্রনাথ পাল, প্রধান প্রকৌশলী, বিসিক, ঢাকা।	-ঐ-
৩.	জনাব মোঃ আব্দুস সাত্তার, উপ-ব্যবস্থাপক, আইসিটি সেল, বিসিক, ঢাকা।	-ঐ-

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সদস্য-সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভা সঞ্চালনের অনুরোধ করেন। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় ঃ

আলোচ্যসূচি-১ ঃ বিসিক-এর শুদ্ধাচার কৌশলের কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।

আলোচনা ঃ বিসিক-এ শুদ্ধাচার কৌশলের ২০১৬-২০১৭ অর্থ বছরের কর্ম-পরিকল্পনা প্রণয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। গত বছরের কর্মপরিকল্পনা, কর্মসম্পাদনের অগ্রগতি, শিল্প মন্ত্রণালয়ের জন্য প্রণীত কর্মপরিকল্পনা পর্যালোচনা করে বাস্তবতার আলোকে বিসিক-এর চলতি অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয় এবং প্রণীত কর্মপরিকল্পনা শিল্প মন্ত্রণালয়ে প্রেরণের অভিমত ব্যক্ত করা হয়।

সিদ্ধান্ত ঃ বিসিক-এর শুদ্ধাচার কৌশলের ২০১৬-২০১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা (সংযুক্ত 'ক') প্রণয়ন করা হলো এবং প্রণীত কর্মপরিকল্পনা শিল্প মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ বোর্ড শাখা,বিসিক।

আলোচ্যসূচি-২ ঃ বিসিক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিতে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান।

আলোচনা ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল-এর ব্যাপক প্রচার ও বিষয়টি সম্পর্কে সকলকে অবহিত ও সচেতন করার জন্য বিসিক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিতে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে আলোকপাত করা প্রয়োজন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

সিদ্ধান্ত ঃ বিসিক-এর কর্মকর্তা-কর্মচারীদের এবং শিল্পোদ্যোক্তাদের নিয়ে আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিতে (কম্পিউটার প্রশিক্ষণসহ) জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়টি অন্তর্ভুক্ত করে নিয়মিত প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষণ আয়োজনকারী অধ্যক্ষ, স্কিটি, আঞ্চলিক পরিচালক, শিসকে প্রধানগণ ও ব্যবস্থাপক (প্রশিক্ষণ) প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

বাস্তবায়নে ঃ অধ্যক্ষ, স্কিটি/আঞ্চলিক পরিচালক/ব্যবস্থাপক (প্রশিক্ষণ), বিসিক, ঢাকা।

আলোচ্যসূচি-৩ ঃ বিসিক-এর কার্যক্রমে তথ্য প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণ।

আলোচনা ঃ বিসিক-এর কার্যক্রমে তথ্য প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণে গুরুত্বারোপ করা হয়। উল্লেখ্য, সরকারিভাবে কম্পিউটার কম্পোজ অভ্র সফ্টওয়্যার-এর Nikosh font এ করার নির্দেশনা থাকলেও বিসিকে মাত্র কয়েকটি কার্যালয়ে অভ্র সফটওয়্যার-এর Nikosh font এ কাজ করা হচ্ছে। চলতি অর্থ বছরের কর্মপরিকল্পনায় বিসিক-এর কতটি বিভাগ/শাখায় ই-ফাইলিং শুরু হবে শিল্প মন্ত্রণালয় থেকে লক্ষ্যমাত্রা চাওয়া হয়েছে। তাই কম্পিউটার কম্পোজের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের সরকারি নির্দেশনা মোতাবেক অভ্র সফটওয়্যার-এর Nikosh font-এ কাজ করার উপর গুরুত্বারোপ করা হয়।

অভ্র সফ্টওয়্যার-এর Nikosh font-এ যারা কাজ করেন তাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে এইরূপ কর্মদক্ষতার প্রতিফলন ঘটানোর অভিমত ব্যক্ত করা হয়। প্রতিটি দরপত্র ওয়েবসাইটে প্রকাশ, প্রধান কার্যালয়ে ওয়াইফাই, প্রতিটি বিভাগ ও শাখায় ইন্টারনেট সুবিধা সম্প্রসারণ, ৪টি বিভাগীয় অফিসে ভিডিও কনফারেন্স আয়োজন, বিসিক-এর সকল কম্পিউটার কম্পোজ অভ্র সফট্ওয়্যার-এর Nikosh Font-এ সম্পাদন করার অভিমত ব্যক্ত করা হয়।

সিদ্ধান্ত ঃ বিসিক-এর কার্যক্রমে তথ্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধিকরণের মাধ্যমে প্রধান কার্যালয়ে ওয়াইফাই, প্রতিটি বিভাগ ও শাখায় ইন্টারনেট সুবিধা সম্প্রসারণ, বিসিক-এর সকল কম্পিউটার কম্পোজ অভ্র সফট্ওয়্যার-এর Nikosh Font-এ সম্পাদন করার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ প্রধান কার্যালয়ের সকল বিভাগীয় প্রধান/আঞ্চলিক পরিচালকগণ, বিসিক।

আলোচ্যসূচি-৪ ঃ **বিসিক-এর পুঞ্জিভূত অডিট আপত্তি নিষ্পত্তিকরণ।**

আলোচনা ঃ সভায় বিসিক-এর পুঞ্জিভূত অডিট আপত্তি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নির্ধারিত সময়ের মধ্যে বিভিন্ন কার্যালয় কর্তৃক নিরীক্ষা পর্যবেক্ষণের জবাবদান এবং অধিক হারে অভ্যন্তরীণ ও ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা করে অডিট আপত্তি নিষ্পত্তিকরণের অভিমত ব্যক্ত করা হয়।

সিদ্ধান্ত ঃ অডিট বিভাগ বিভিন্ন কার্যালয় কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা পর্যবেক্ষণের জবাবদান নিশ্চিত করবেন। অধিক হারে অভ্যন্তরীণ ও ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা করে অডিট আপত্তি নিষ্পত্তিকরণের তড়িৎ পদক্ষেপ নিবেন।

বাস্তবায়নে ঃ প্রধান নিরীক্ষা কর্মকর্তা, বিসিক।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
১৯-০৯-২০১৬
(জীবন কুমার চৌধুরী)
পরিচালক (অর্থ এবং পরিঃ ও উন্নঃ), বিসিক
ও
সভাপতি
নৈতিকতা কমিটি, বিসিক।

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন(বিসিক)
১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
Web-Site:www.bscic.gov.bd

নং-৩৬.০২.০২৭.০০.০০.০১৭.২০১৬/(অংশ-১)/৪৫৫(৩২) তারিখঃ ২১-০৯-২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। পরিচালক(সকল), বিসিক, ঢাকা।
০২। যুগ্ম-সচিব, প্রশাসন (প্রওম), অধিশাখা ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
০৩। মহাব্যবস্হাপক, উন্নয়ন/প্রকল্প/ সম্প্রসারণ/বিপণন/পরিকল্পনা/এমআইএস/প্রযুক্তি বিভাগ, বিসিক, ঢাকা।
০৪। অধ্যক্ষ, স্কিটি, বিসিক, ঢাকা।
০৫। নিয়ন্ত্রক, হিসাব ও অর্থ বিভাগ, বিসিক, ঢাকা।
০৬। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয়, বিসিক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
০৭। প্রকল্প পরিচালক, সিআইডিডি/প্রিজম/মৌমাছি প্রকল্প, বিসিক, ঢাকা।
০৮। প্রধান নিরীক্ষা কর্মকর্তা, নিরীক্ষা বিভাগ, বিসিক, ঢাকা।
০৯। উপ-মহাব্যবস্হাপক, কর্মীব্যবস্হাপনা/ উপকরণ শাখা, বিসিক, ঢাকা।
১০। ব্যবস্হাপক, প্রশিক্ষণ শাখা, বিসিক, ঢাকা।
১১। উপ-ব্যবস্থাপক, শৃঙ্খলা শাখা/জনসংযোগ শাখা, বিসিক, ঢাকা।
১২। উপ-ব্যবস্হাপক, আইসিটি সেল (Online এ Uplood-এর অনুরোধসহ), বিসিক, ঢাকা।
১৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা।
১৪। সচিব-এর ব্যক্তিগত সহকারী, বিসিক, ঢাকা।

২১/৯/২০১৬

(মোঃ শরীফুল ইসলাম ভূঞা)
উপ-সচিব
বোর্ড শাখা, বিসিক
ও
সদস্য-সচিব
নৈতিকতা কমিটি, বিসিক
মোবাঃ ০১৭১৪৩৪২৭৮৭।